

OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক ট্রায়াল এবং শুনানির অফিস (New York City Office of Administrative Trials and Hearings, OATH) এ যানবাহন বাজেয়াপ্ত করার ("ক্রিমস্টক") ট্রায়াল

মৌলিক নিয়ম

কোনো যানবাহন নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) কর্তৃক বাজেয়াপ্ত একটি অভিযুক্ত অপরাধের অংশ হিসেবে নিয়ে যাওয়ার পর, যানবাহনটির নিবন্ধিত মালিক, বা বাজেয়াপ্ত করার সময় যানবাহনটির চালক ব্যক্তি OATH এর কাছে যানবাহন ফেরত চাইতে পারবে। যানবাহনটি ফেরত দেওয়া যাবে কিনা তার শুনানি OATH এর ট্রায়াল বিভাগে (Trials Division) অনুষ্ঠিত হবে এবং এটিকে "ক্রিমস্টক" শুনানি বলা হয়।

দ্রষ্টব্য: যানবাহন ফেরত চাওয়া ব্যক্তিকে <u>অবশ্যই</u> যানবাহনের নিবন্ধিত <u>বা</u> শিরোনামে থাকা মালিক হতে হবে বা বাজেয়াপ্ত করার সময় যানবাহনটির চালক হতে হবে। শুধু এদের মধ্যে একজন ব্যক্তিই OATH শুনানির জন্য অনুরোধ করতে পারবে, এবং এক্ষেত্রে মালিককে অগ্রধিকার প্রদান করা হবে।

দ্রষ্টব্য: OATH এ "ক্রিমস্টক" শুনানির পর অস্থায়ীভাবে যানবাহন ফেরত দেওয়ার পরেও গাড়িটিকে স্থায়ীভাবে রেখে দেওয়ার জন্য NYPD নিউ ইয়র্ক স্টেট কোর্টে (New York State Court) (OATH থেকে পৃথক ও বিচ্ছিন্ন) যানবাহনের মালিকের বিরুদ্ধে মামলা করতে পারবে। এটিকে বাজেয়াপ্তকৃত বস্তুর প্রক্রিয়া বলা হয়।

শুনানির অধিকারের নোটিশ

<u>গ্রেফতারের সময়</u> যানবাহন ফেরত নেওয়ার জন্য একটি OATH শুনানির অধিকারের নোটিশ চালককে প্রদান করা NYPD এর জন্য <u>আবশ্যক</u> (নোটিশটি "যানবাহন বাজেয়াপ্ত ফর্ম (Vehicle Seizure Form)" এ অন্তর্ভুক্ত আছে)। <u>এছাড়াও</u> NYPD কে নিবন্ধিত বা শিরোনামে থাকা মালিকের (বা উভয়ের) কাছে যানবাহন বাজেয়াপ্ত করার 5 কর্মদিবসের মধ্যে একই নোটিশ মেইল করে পাঠাতে হবে। যদি NYPD চালক এবং মালিককে গ্রেফতারের সময় এবং মেইলের মাধ্যমেএই দুইটি নোটিশ প্রদান করতে ব্যর্থ হয় তাহলে এটি গাড়ি ফেরত দেওয়ার একটি কারণ হতে পারে।

শুনানির সময় নির্ধারণ

<u>শুনানির জন্য একটি অনুরোধ পাওয়ার</u> 10 কর্মদিবসের মধ্যে NYPD কে <u>অবশ্যই</u> একটি OATH শুনানির সময় নির্ধারণ করতে হবে। যানবাহন বাজেয়াপ্ত ফর্মের নিচের অংশ পূরণ করার মাধ্যমে সাড়াদানকারী অনুরোধটি করতে পারবে।

দ্রষ্টব্য: গ্রেফতার হওয়া ব্যক্তি, বা যানবাহনের মালিক এছাড়াও ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস থেকে একটি লিখিত বিবৃতি দাবি করতে পারবে যেখানে বলা থাকবে যে প্রমাণের জন্য যানবাহন আটকে রাখার কোনো প্রয়োজন নেই। এমন একটি দাবি পাওয়ার 7 দিনের মধ্যে ডিস্ট্রিক্ট অ্যাটর্নিকে অবশ্যই লিখিত বিবৃতি প্রদান করতে হবে, অথবা সেই একই 7 দিনের মধ্যে অপরাধীর মামলাটির সংশ্লিষ্ট আদালত থেকে একটি "ধরে রাখার আদেশ" (একটি আদালতের নির্দেশ যা NYPD কে যানবাহন আটক করে রাখতে দিবে) চাইতে হবে।

যানবাহন ফেরত দিতে অস্বীকৃতি জানানোর জন্য OATH "ক্রিমস্টক" শুনানিতে NYPD কে যা অবশ্যই প্রমাণ করতে হবে

- 1) গ্রেফতারের জন্য "সম্ভাব্য কারণ" (যুক্তিসঙ্গত ভিত্তির মতন) বিদ্যমান ছিলো।
- 2) যানবাহনটি রেখে দেওয়ার মামলায় NYPD জিতবে এটিই অধিক "সম্ভাব্য"।
- 3) যানবাহনটি রেখে দেওয়া গুরুত্বপূর্ণ, কারণ এটি ফেরত দিলে যানবাহন হারিয়ে যাওয়া, বিক্রি, ধ্বংস করা হতে পারে <u>বা</u> জননিরাপন্তার প্রতি ঝুঁকি তৈরি করতে পারে।

দ্রষ্টব্য: যানবাহন ফেরত দিতে অস্বীকৃতি জানাতে হলে NYPD কে <u>অবশ্যই OATH "ক্রিমস্টক" শুনানিতে এই 3টি জিনিসের সবগুলি</u> প্রমাণ করতে হবে।

দ্রষ্টব্য: অপরাধ আদালতে অভিযোগের জন্য দোষ স্বীকার করে নেওয়ার ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবেই "সম্ভাব্য কারণ" তৈরি হবে।



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

Help Center

যেই পরিস্থিতির কারণে যানবাহন ফেরত দিতে হবে পারে

- ° "নিরপরাধ মালিক" একজন মালিক যানবাহন ফেরত চাইতে পারবে যদি গ্রেফতার এবং বাজেয়াপ্ত করার সময় মালিক গাড়ির চালক না হয়, এবং যদি অপরাধমূলক কাজটি করার জন্য মালিক যানবাহনটি ব্যবহার করার অনুমোদন বা অনুমতি প্রদান না করে থাকে। (দ্রস্টব্য: NYPD এটি দেখানোর চেষ্টা করতে পারে যে নিবন্ধিত/শিরোনামে থাকা মালিক নয়, বরং গ্রেফতার করা চালকই যানবাহনটির প্রকৃত মালিক।)
- ° **নোটিশ** একজন মালিক বা চালক যানবাহন ফেরত চাইতে পারে যদি প্রমাণ থাকে যে NYPD একটি শুনানির অনুরোধ করার অধিকারের দুইটি আবশ্যিক নোটিশ প্রদান করেনি।

এগুলি হলো মাত্র দুইটি সম্ভাব্য পরিস্থিতি; এছাড়াও অন্য কারণে যানবাহন ফেরত দিতে হতে পারে। আপনার শুনানিতে একজন আ্যাটর্নিসহ উপস্থিত থাকার অধিকার আপনার আছে। আপনার যদি এর মধ্যে কোনটি বা অন্য কোনো সমস্যা থাকে এবং এর প্রমাণ প্রদর্শন করতে পারেন যেমন উপরে উল্লিখিত কোনো আইনি আবশ্যিকতা পূরণ করতে NYPD এর ব্যর্থতা, তাহলে আপনি আপনার আ্যাটর্নির সাথে সেই ব্যাপারে আলোচনা করতে পারেন এবং আপনার OATH "ক্রিমস্টক" শুনানিতে OATH বিচারকের সামনে আপনার উদ্বেগ পেশ করতে পারবেন। আরো তথ্যের জন্য, এখানে ক্লিক করুন.

OATH হেল্প সেন্টারের কারো সাথে একটি অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য, অনুগ্রহ করে এই অনলাইন যোগাযোগ ফর্ম ব্যবহার করে আমাদেরকে ইমেইল করুন, বা আপনার নির্ধারিত OATH উপস্থিতির পূর্বে আমাদেরকে (212) 436-0845 নম্বরে ফোন করুন।